

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

আরবী

وَعَن أَم سَلَمَة قَالَتْ لَهَا امْرَأَةٌ: إِنِّي امْرَأَةٌ أُطِيلُ ذَيْلِي وَأَمْشِي فِي الْمَكَانِ الْقَذِرِ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يُطَهِّرُهُ مَا بَعْدَهُ» . رَوَاهُ مَالِكٌ وَأَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَلُو دَاوُدَ وَالدَّارِمِيُّ وَقَالا: الْمَرْأَة أَم ولد لإِبْرَاهِيم ابْن عبد الرَّحْمَن بن عَوْف

বাংলা

৫০৪-[১৫] উম্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তাঁকে এক মহিলা এসে বললো, আমি আমার কাপড়ের আঁচল নিচে লম্বা করে দেই, আর অপবিত্র জায়গায় চলি (এখন আমি কী করব?) তিনি বললেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পরের পবিত্র জায়গার মাটি এটাকে পবিত্র করে দেয়। (মালিক, আহামাদ ও তিরমিযী)[1]

আবূ দাউদ ও দারিমী বলেন, প্রশ্নকারী মহিলা ছিলেন ইব্রাহীম ইবনু 'আবদুর রহমান ইবনু 'আওফ-এর উম্মু ওয়ালাদ বা সন্তানের মা।

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ২৬১৪৬, আবূ দাউদ ৩৮৩, তিরমিয়ী ১৪৩, ইবনু মাজাহ্ ৫৩১, মুয়াত্ত্বা মালিক ১/২৪/১৬, দারিমী ৭৬৯। হাদীসের সানাদটি মূলত দুর্বল। তবে সহীহ সূত্রে বর্ণিত একটি শাহিদ হাদীস থাকায় তা সহীহ-এর স্তরে পৌঁছেছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অপবিত্র রাস্তায় মহিলাদের কাপড়ের আঁচল ঘষা লেগে অপবিত্র হলে পরবর্তী রাস্তা যদি পবিত্র হয় তবে তার উপর হাঁটতে হাঁটতে পবিত্র হয়ে যায়। সে স্থান শুকনা হোক বা কাদা যুক্ত হোক কাপড় ধৌত করার প্রয়োজন নেই।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন